# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৫৮

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ আল্লাহর দয়ার আশা রাখার গুরুত্ব

আরবী

وَعَن عَبْدِ اللهِ بْنِ عَمرِو بنِ العَاصِ رَضيَ اللهُ عَنهُمَا : أَنَّ النَّبيَّ ﷺ تَلاَ قَولَ اللهِ عَزَّ وَجَلَّ في إبرَاهِيمَ ﷺ رَبِّ إنَّهُنَّ أَضلَلْنَ كَثِيراً مِنَ النَّاسِ فَمَنْ تَبعَني فَإنَّهُ مِنّي وقَولَ عِيسَى ﷺ إنْ تُعَذِّبْهُمْ فَإنَّهُمْ عِبَادُكَ وَإنْ تَغْفِرْ لَهُمْ فَإنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ فَرَفَعَ يَدَيهِ وَقالَ اَللّٰهُمَّ أُمّتي أُمّتي وبَكَى فَقَالَ الله عَزَّ وَجَلَّ يَا جِبْرِيلُ اذْهَبْ إِلَى مُحَمَّدٍ وَرَبُّكَ أَعْلَمُ فَسَلْهُ مَا يُبْكِيهِ ؟ فَأتَاهُ جبريلُ فَأَخْبَرَهُ رَسُولُ الله ﷺ بِمَا قَالَ وَهُوَ أعْلَمُ ـ فَقَالَ اللهُ تَعَالَى يَا جِبرِيلُ اذْهَبْ إِلَى مُحَمّدٍ فَقُلْ : إنَّا سَنُرْضِيكَ فِي أُمّتِكَ وَلاَ نَسُوءكَ رواه مسلم

বাংলা

(৪৫৮) আব্দুল্লাহ ইবনে আমর ইবনুল আ’স (রাঃ) কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইব্রাহীম (আঃ) এর ব্যাপারে আল্লাহর এ বাণী পাঠ করলেন, হে আমার প্রতিপালক! এসব প্রতিমা বহু মানুষকে বিভ্রান্ত করেছে; সুতরাং যে আমার অনুসরণ করবে সে আমার দলভুক্ত, কিন্তু কেউ আমার অবাধ্য হলে তুমি তো চরম ক্ষমাশীল পরম দয়ালু। (সূরা ইব্রাহীম ৩৬) এবং ঈসা (আঃ) এর উক্তি (এ আয়াতটি পাঠ করলেন), যদি তুমি তাদেরকে শাস্তি প্রদান কর, তবে তারা তোমার বান্দা। আর যদি তুমি তাদেরকে ক্ষমা কর, তবে তুমি অবশ্যই প্রবল পরাক্রান্ত, প্রজ্ঞাময়। (সূরা মায়েদাহ ১১৮ আয়াত)

অতঃপর তিনি তাঁর হাত দু’খানি উঠিয়ে বললেন, হে আল্লাহ! আমার উম্মত, আমার উম্মত। অতঃপর তিনি কাঁদতে লাগলেন। আল্লাহ আযযা অজাল্ল বললেন, হে জিবরীল! তুমি মুহাম্মাদের নিকট যাও—আর তোমার রব বেশী জানেন—তারপর তাকে কান্নার কারণ জিজ্ঞাসা কর। সুতরাং জিবরীল তাঁর নিকট এলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে সে কথা জানালেন, যা তিনি (তাঁর উম্মত সম্পর্কে) বলেছিলেন—আর আল্লাহ তা অধিক জানেন। অতঃপর আল্লাহ তা’আলা বললেন, হে জিবরীল! তুমি (পুনরায়) মুহাম্মাদের কাছে যাও এবং বল, আমি তোমার উম্মতের ব্যাপারে তোমাকে সন্তুষ্ট করে দেব এবং অসন্তুষ্ট করব না।

ফুটনোট

(মুসলিম ৫২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63977

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন